

সাজেকে যান চলাচল শুরু, ফিরছে পর্যটকরা

- A Monitor Desk Report

Date: 14 August, 2023



রাঞ্জামাটি : রাঞ্জামাটিতে অতি বৃষ্টি ও পাহাড়ি ঢলে নিম্নাঞ্চল ডুবে যাওয়ায় দু’দিন বন্ধ থাকার পর বাঘাইছড়ি ও সাজেক সড়কে চলাচল স্বাভাবিক হয়েছে। ফলে সাজেকে আটকা পড়া দেড় শতাধিক পর্যটক নিজ নিজ গন্তব্যে ফিরতে শুরু করেছে বলে জানিয়েছে বাঘাইছড়ি উপজেলা প্রশাসন।

স্থানীয় সূত্রে জানা যায়, টানা ভারী বর্ষণ ও পাহাড়ি ঢলে সৃষ্ট আকস্মিক বন্যায় বাঘাইছড়ি-সাজেক সড়কের নিচু অঞ্চল, বাঘাইছড়ি বাজার ও মাচালং সেতু প্লাবিত হয়ে যান চলাচল বন্ধ হয়ে যায়। এতে সাজেকে আটকা পড়ে ঘুরতে যাওয়া দেড় শতাধিক পর্যটক।

আরও পড়ুন: [শাহজালাল থেকেই রোমিং পাবেন গ্রামীণফোন গ্রাহকরা](#)

বাঘাইছড়ি উপজেলা নির্বাহী অফিসার রুমানা আক্তার জানান, সড়কের মাটি সরিয়ে পরিষ্কার করায় ও বন্যার পানি নেমে যাওয়ায় সড়ক যোগাযোগ স্বাভাবিক হয়েছে। এতে পর্যটকরা ফিরে যেতে পারছে।

-B